

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওযূর সময় দুই হাত ধৌত করার আগে মুখ ধৌত করার মাধ্যমে ওযূ শুরু করার ব্যাপারে সতর্কীকরণ

ذَكَرَ الزَّجْرَعَنُ ابْتِدَاءَ الْمَرْءِ فِي وُضُوئِهِ بِفِيهِ قَبْلَ غَسْلِ الْيَدَيْنِ

আরবী

1086 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةَ بْنُ صَالِحٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرِ بْنِ نَفِيرٍ عَنْ أَبِيهِ: أَنَّ أَبَا جُبَيْرِ الْكِنْدِيِّ قَدِمَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَضُوءٍ وَقَالَ: (تَوَضَّأُ يَا أَبَا جُبَيْرٍ) فَبَدَأَ بِفِيهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَبْدَأُ بِفِيكَ فَإِنَّ الْكَافِرَ يَبْدَأُ بِفِيهِ) ثُمَّ دَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَضُوءٍ فَغَسَلَ يَدَيْهِ حَتَّى أَنْقَاهُمَا ثُمَّ تَمَضَّمْضَ وَاسْتَنْثَرَ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثًا ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثًا ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ وَغَسَلَ رِجْلَيْهِ.

الراوي : جُبَيْرُ بْنُ نَفِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 1086 | خلاصة حكم المحدث : صحيح.

বাংলা

১০৮৬. জুবাইর বিন নুফাইর রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আবু জুবাইর আল কিন্দী রাহিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার জন্য ওযূর পানি আনার নির্দেশ দিলেন এবং বললেন, “আবু জুবাইর, ওযূ করো।” অতঃপর তিনি ওযূ শুরু করেন মুখ ধৌত করার মাধ্যমে! তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “ওযূ মুখ ধৌত করার মাধ্যমে শুরু করো না। কেননা কাফেররা মুখ ধৌত করার মাধ্যমে ওযূ শুরু করে।” তারপর তিনি ওযূর পানি আনতে বলেন, অতঃপর তিনি দুই হাত ধৌত করেন এমনভাবে যেন তা পরিস্কার হয় তারপর তিনি কুলি করেন ও নাক পরিস্কার করেন তারপর তিনবার মুখ ধৌত করেন, তারপর ডান হাত কনুই পর্যন্ত

তিনবার ধৌত করেন, তারপর বাম হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করেন, তারপর মাথা মাসেহ করেন এবং দুই পা ধৌত করেন।”[1]

## ফুটনোট

[1] তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩৬-৩৭; দুলাবী, আল কুনা: ১/২৩; সুনান বাইহাকী: ১/৪৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে উত্তম বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৮২০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জুবায়র ইবন নুফায়র (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90399>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন